

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা-এর কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অর্জনঃ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় ও এর আওতাধীন সকল কার্যালয়কে সম্পূর্ণভাবে **iBAS ++** পদ্ধতিতে সমন্বিতভাবে ইন্টারনেট ভিত্তিক বাজেটিং ও একাউন্টিং কার্যক্রমের আওতায় আনা হয়েছে। জাতীয় বেতন স্কেল-২০১৫ এর আওতায় হিসাবরক্ষণ অফিসসমূহ কর্তৃক অদ্যাবধি প্রায় ১২ লক্ষ ২০ হাজার সরকারী চাকুরিজীবীর বেতন এবং প্রায় ৬ লক্ষ ১০ হাজার পেনশন ভোগীর পেনশন **Online** এ নির্ধারণ করা হয়েছে। সিজিএ কার্যালয়ের আওতাধীন ৫৪৫টি হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে বর্তমানে ১০০ ভাগ সরকারী কর্মকর্তার বেতন ভাতা বিল অনলাইনে দাখিল কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এছাড়া সরকারী কর্মকর্তা ও কর্মচারীর বেতন ভাতা **Electronic Fund Transfer (EFT)** পদ্ধতিতে পরিশোধ কার্যক্রমও ১০০ ভাগে উন্নিত করা হয়েছে। **EFT** পদ্ধতিতে ১০০ ভাগ পেনশন ভোগীর পেনশন তাদের স্বস্ব ব্যাংক একাউন্টে পরিশোধ করা হচ্ছে। সম্মানিত পেনশন ভোগীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান অব্যাহত রাখার নিমিত্ত চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স কর্মকর্তার কার্যালয়ে ইতোমধ্যে কলসেন্টার ও হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। এছাড়া হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এর নিয়ন্ত্রণাধীন হিসাবরক্ষণ অফিসসমূহের মাধ্যমে ১০০ ভাগ কর্মকর্তা কর্মচারীর জিপিএফ ব্যালেন্স হালনাগাদপূর্বক **iBAS++** এ আপলোড করা হয়েছে। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস এবং ডিস্ট্রিক্ট একাউন্টসন্ড ফিন্যান্স অফিসসমূহে ইতোমধ্যে **MICR** চেক প্রবর্তন ও চালু করা হয়েছে।